

## এক বছরের মাথায় দ্বিগুণ জিপিএ-৫

বরিশাল প্রতিনিধি

১৮ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৮ জুলাই ২০১৯ ০০:৩৩



দৈনিক  
আমাদের সময়

বরিশাল বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় পাসের হার ৭০ দশমিক ৬৫ শতাংশ। এ বোর্ডে গত বছরের চেয়ে ৫৩১টি জিপিএ-৫ বেড়েছে। এ বছর জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ২০১ জন। এর মধ্যে ৭৩৫ জন মেয়ে ও ৪৬৬ জন ছেলে। গতকাল বুধবার দুপুর ১টায় বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আনোয়ারুল আজিম সংবাদ সম্মেলনে এ ফল ঘোষণা করেন।

তিনি বলেন, গত বছরের তুলনায় বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার কিছুটা বেড়েছে। এ বছর বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার ৭০.৬৫। গত বছর ছিল ৭০.৫৫ ভাগ। সঙ্গে মোট জিপিএ ৫-এর সংখ্যাও

অনেক বেড়েছে। এ বছর মোট জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ২০১ জন। গত বছর যা ছিল ৬৭০ জন। তিনি আরও বলেন, বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এ বছর ৩৩০ কলেজের ৬৫ হাজার ৯৬৮ পরীক্ষার্থী ছিলেন। এর মধ্যে পাস করেছেন ৪৪ হাজার ৮৮৭ জন। এর মধ্যে মেয়ে ২৩ হাজার ৬২৯ ও ছেলে ২১ হাজার ২৫৮ জন। মেয়েদের পাসের হার ৭৫ দশমিক ৪৮ ও ছেলেদের পাসের হার ৬৫ দশমিক ৯৫ ভাগ।